গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ঝিনাইগাতী, শেরপুর
www.jhenaigati.sherpur.gov.bd

শেখ হাসিনার মুলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-০৫.৪৫.৮৯৩৭.০০২.০৩.০০১.২৩-১২৭

তারিখঃ ২৯ মাঘ ১৪৩০
১২ ফেব্রুয়ারি ২০২৪

## ১৪৩১ বাংলা সালের হাট-বাজার ইজারার দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের ২১ সেপ্টেম্বর ২০১১ খ্রিস্টাব্দ তারিখের ৪৬.০৪১.০৩০.০২.০০.০০২.২০১১-৮৭০ নং স্মারকের পত্র মোতাবেক ঝিনাইগাতী উপজেলার ভৌগলিক সীমার মধ্যে অবস্থিত নিম্নে বর্ণিত সরকারি হাট-বাজার ১৪৩১ বাংলা সনের ১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ০১ (এক) বছরের জন্য ইজারা প্রদানের নিমিত্ত নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে সর্বসাধারণের নিকট হতে সীল মোহরযুক্ত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

### ইজারার শর্তাবলীঃ

০১। ইজারা বন্দোবস্ত অবশ্যই শুধুমাত্র ১৪৩১ বাংলা সনের ১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ০১(এক) বছরের জন্য সম্পূর্ন অস্থায়ী ভিত্তিতে দেয়া হবে।

০২। নিম্নছকে উল্লিখিত অফেরতযোগ্য সিডিউল মূল্যে সাপ্তাহিক ও অন্যান্য সরকারী ছুটির দিন ব্যতীত শুধুমাত্র অফিস চলাকালীন সময়ে নিম্নোক্ত সময়সূচী অনুযায়ী সকাল ৯.০০ টা হতে বিকাল ৪.০০ টা পর্যন্ত দরপত্র ক্রয় করা যাবে।

০৩। নিম্নছকে উল্লিখিত সময়সূচী অনুযায়ী সকাল ৯.০০ টা হতে দুপুর ১.০০ টার মধ্যে দরপত্র জমা দেয়া যাবে এবং দরপত্র দাখিলের শেষ তারিখ বিকাল ৩.০০ টার সময় দরপত্র দাতাগণের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে।

০৪। সংযুক্ত সিডিউল নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়; সহকারী কমিশনার (ভূমি), ঝিনাইগাতী; সোনালী ব্যাংক পিএলসি, ঝিনাইগাতী শাখা; ঝিনাইগাতী থানা ও জেলা প্রশাসকের কার্যালয়, শেরপুর হতে দরপত্র ক্রয় ও জমা দেয়া যাবে।

০৫। দরদাতাকে অবশ্যই উল্লিখিত টাকার ৩০% জামানত হিসাবে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, ঝিনাইগাতী, শেরপুর এর অনুকূলে জমা দিতে হবে। উক্ত টাকা হতে ২৫% ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকবে। হাট বাজার পরিষ্কার পরিচ্ছন্ন রাখলে বা বাজারের অন্য কোন ক্ষতি সাধন না করলে মেয়াদ সমাপ্তির পর হাট-বাজার ব্যবস্থাপনা কমিটির প্রত্যয়ন সাপেক্ষে উক্ত টাকা ফেরত প্রদান করা হবে।

০৬। দরপত্র সংশ্লিষ্ট মূল্যায়ন কমিটি কর্তৃক সর্বোচ্চ দরদাতা নির্বাচিত হবে তিনি অবহিত হবার ০৭(সাত) দিনের মধ্যে মূল্যের বাকী ৭৫% অর্থ, অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% মূল্য সংযোজন কর (ভ্যাট) উপজেলা নির্বাহী অফিসার, ঝিনাইগাতী, শেরপুর এর কার্যালয়ের সংশ্লিষ্ট ব্যাংক একাউন্টে জমা দিতে হবে। অন্যথায় তার দরপত্র বাতিল বলে গণ্য হবে এবং জামানতের দাখিলকৃত অর্থ বাজেয়াপ্ত করে উপজেলা উন্নয়ন তহবিলে জমা করা হবে।

০৭। ইজারা গ্রহিতাকে অবশ্যই সরকার কর্তৃক নির্ধারিত হার অনুযায়ী টোল আদায় করতে হবে। উক্ত টোলের তালিকা বাজারের বিভিন্ন স্থানে প্রকাশ্যে টানিয়ে রাখতে হবে।

০৮। গৃহীত দরপত্রের সম্পূর্ণ টাকা পরিশোধের পর বাজারের দখল সর্বোচ্চ দরদাতার নিকট বুঝিয়ে দেয়া হবে।

০৯। কোন প্রকার কাটাকাটি/ঘষামাজা এবং অসম্পূর্ণ/ত্রুটিযুক্ত দরপত্র বাতিল বলে গণ্য হবে। কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে এতদসংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে এবং এতদ্ব্যতীত সরকার কর্তৃক পূর্বে জারীকৃত/ ভবিষ্যতে জারী হবে এমন সকল নির্দেশাবলী প্রযোজ্য হবে।

১০। এক পর্যায় বা এক বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র অন্য পর্যায় বা বাজারের জন্য ব্যবহার করা যাবে না। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্র বিজ্ঞপ্তি সংক্রান্ত বিষয়ে ভবিষ্যতে কিংবা অতীতে জারিকৃত সরকারের যে কোন আদেশ নিঃশর্ত ভাবে মেনে চলতে বাধ্য থাকতে হবে।

১১। ইজারার সমুদয় অর্থ, ভ্যাট, আয়কর পরিশোধের ৩(তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/-(তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক চুক্তিপত্র সম্পাদন করতে হবে। ইজারা চুক্তির শর্ত ভঙ্গ করলে কিংবা ইজারাদার তার অনুকূলে ইজারা প্রাপ্ত বাজার অন্যের নিকট সাব-লিজ দিলে উক্ত বাজারের সমস্ত ইজারা কার্যক্রম বাতিল বলে গণ্য হবে।

১২। কোন পর্যায়ে কোন হাট-বাজারের দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক গৃহীত হলে উক্ত হাট-বাজারের ইজারা কার্যক্রম সম্পন্ন হয়েছে মর্মে প্রতীয়মান হবে।

### হাট- বাজারের নাম, সরকারী মূল্য ও সিডিউল মূল্য

| ইউনিয়ন | ক্রম | হাট- বাজারের নাম | সরকারী মূল্য | সিডিউলের মূল্য | দরপত্র ক্রয়ের শেষ তারিখ | দরপত্র দাখিলের শেষ তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ঝিনাইগাতী সদর ইউপি | ০১। | ঝিনাইগাতী বাজার | ১,৬০,১১,৬৫৩.০০ | ৩২,৮০০.০০ | | | |
| | ০২। | পাইকুড়া বাজার | ২,৪০,০৫৫.০০ | ১,২০০.০০ | | | |
| মালিঝিকান্দা ইউনিয়ন | ০৩। | গোবিন্দগঞ্জ তিনানী বাজার | ৯,৮৮,৪৫২.০০ | ২,৬০০.০০ | ১ম পর্যায়<br>১৩/০৩/২০২৪<br>২৯ ফাল্গুন,১৪৩০ | ১ম পর্যায়<br>১৪/০৩/২০২৪<br>৩০ ফাল্গুন ১৪৩০ | |
| | ০৪। | চেঙ্গুরিয়া বাজার | ২৬,৯৫,৭৭৮.০০ | ৭,০০০.০০ | | | |
| কাংশা ইউনিয়ন | ০৫। | আয়নাপুর বাজার | ৩২,৪৭৪.০০ | ৫০০.০০ | | | |
| | ০৬। | গুরুচরন দুধনই | ১৯,২৭৪.০০ | ৫০০.০০ | | | |
| | ০৭। | বাকাকুড়া বাজার | ৩,৫৯,৭৬৪.০০ | ১,৮০০.০০ | | | |
| | ০৮। | গান্ধীগাঁও বাজার | ৮,১৭৯.০০ | ৫০০.০০ | | | |
| | ০৯। | বিষ্ণুপুর বাজার | ৫,৩৮৯.০০ | ৫০০.০০ | ২য় পর্যায়<br>২০/০৩/২০২৪<br>০৬ চৈত্র ১৪৩০ | ২য় পর্যায়<br>২১/০৩/২০২৪<br>০৭ চৈত্র ১৪৩০ | |
| ধানশাইল ইউনিয়ন | ১০। | ধানশাইল বাজার | ২,২২,৪৫৯.০০ | ১,২০০.০০ | | | |
| | ১১। | মহনগঞ্জ বাজার | ১৩,৬৮৫.০০ | ৫০০.০০ | | | |
| | ১২। | কুচনিপাড়া বাজার | ৩,০৯,৩৪৩.০০ | ১,২০০.০০ | | | |
| নলকুড়া ইউনিয়ন | ১৩। | ফাকরাবাদ বাজার | ২২,০৩৬.০০ | ৫০০.০০ | | | |
| | ১৪। | ভারুয়া বাজার | ৬৮,০৩৪.০০ | ৫০০.০০ | ৩য় পর্যায়<br>২৭/০৩/২০২৪<br>১৩ চৈত্র ১৪৩০ | ৩য় পর্যায়<br>২৮/০৩/২০২৪<br>১৪ চৈত্র ১৪৩০ | |
| | ১৫। | রাংটিয়া বাজার | ৫০,০৬৭.০০ | ৫০০.০০ | | | |
| | ১৬। | হলদিগ্রাম চৌরাস্তা বাজার | ৪,১৬,৪৭৪.০০ | ১,৮০০.০০ | | | |
| | ১৭। | সন্ধ্যাকুড়া বাজার | ২,১৩,৮০৯.০০ | ১,২০০.০০ | | | |
| গৌরীপুর ইউনিয়ন | ১৮। | পূর্ব গজারীকুড়া বাজার | ২২,১০০.০০ | ৫০০.০০ | | | |
| | ১৯। | বনগাঁও বাজার | ৩৩,০০১.০০ | ৫০০.০০ | | | |
| | ২০। | কদমতলী বাজার | ৪২,৯২২.০০ | ৫০০.০০ | | | |
| হাতীবান্ধা ইউনিয়ন | ২১। | তেতুলতলা বাজার | ১,২১,৩১১.০০ | ১,০০০.০০ | ৪র্থ পর্যায়<br>০৩/০৪/২০২৪<br>২০ চৈত্র ১৪৩০ | ৪র্থ পর্যায়<br>০৪/০৪/২০২৪<br>২১ চৈত্র ১৪৩০ | |
| | ২২। | পাগলারমুখ বাজার | ৭৬,৫৩৫.০০ | ৫০০.০০ | | | |
| | ২৩। | ফরজ উদ্দিন বাজার | ৪১০.০০ | ৫০০.০০ | | | |

১২/০২/২৪

(মো: আব্দুল্লাহ আল মাহমুদ ভূঁইয়া)
উপজেলা নির্বাহী অফিসার
ঝিনাইগাতী, শেরপুর
ফোন : ০২৯৯-৭৭৮৩৪০১
E-mail : unojhenaigati@mopa.gov.bd

CamScanner

স্মারক নং-০৫.৪৫.৮৯৩৭.০০২.০৩.০০১.২৩-১২৭

তারিখঃ ২৯ মাঘ ১৪৩০
১২ ফেব্রুয়ারি ২০২৪

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়) :

০১। মাননীয় সংসদ সদস্য ১৪৫, শেরপুর-৩।
০২। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
০৩। পরিচালক, স্থানীয় সরকার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
০৪। জেলা প্রশাসক, শেরপুর।
০৫। পুলিশ সুপার, শেরপুর।
০৬। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), শেরপুর।
০৭। চেয়ারম্যান (ভারপ্রাপ্ত), উপজেলা পরিষদ, ঝিনাইগাতী, শেরপুর।
০৮। সহকারী কমিশনার (ভূমি), ঝিনাইগাতী, শেরপুর। তার দপ্তরসহ নিয়ন্ত্রণাধীন প্রতিটি ইউনিয়ন ভূমি অফিসের নোটিশ বোর্ডে টাঙানোর জন্য অনুরোধ করা হলো।
০৯। অফিসার ইন-চার্জ, ঝিনাইগাতী থানা, শেরপুর।
১০। সাব-রেজিষ্ট্রার, ঝিনাইগাতী, শেরপুর। তার দপ্তরের নোটিশ বোর্ডে টাঙানোর জন্য অনুরোধ করা হলো।
১১। চেয়ারম্যান,কাংশা/ ধানশাইল/নলকুড়া/গৌরীপুর/ঝিনাইগাতী/হাতীবান্ধা/মালিঝিকান্দা ইউনিয়ন পরিষদ, ঝিনাইগাতী, শেরপুর। তাকে বহুল প্রচারের জন্য নোটিশ বোর্ডে টাঙানোর জন্য অনুরোধ করা হলো।
১২। ম্যানেজার, সোনালী ব্যাংক পিএলসি/ বাংলাদেশ কৃষি ব্যাংক পিএলসি/ জনতা ব্যাংক পিএলসি, ঝিনাইগাতী শাখা ও অগ্রণী ব্যাংক পিএলসি/ঝিনাইগাতী শাখা/ তিনানী বাজার শাখা, ঝিনাইগাতী, শেরপুর।
১৩। সম্পাদক, ........................................................................ উক্ত দরপত্র বিজ্ঞপ্তিটি আগামী ০২(দুই) দিনের মধ্যে আপনার পত্রিকার দৃশ্যমান স্থানে সংক্ষিপ্ত আকারে ১ (এক) দিন প্রকাশ করে ২ প্রস্থ পত্রিকাসহ বিল দাখিল করার জন্য অনুরোধ করা হলো।
১৪। জনাব .............................................................. ইজারাদার, ............................................বাজার, ১৪৩০ বাংলা সাল।
১৫। জনাব ........................................................................................................................... ঝিনাইগাতী, শেরপুর।
১৬। ওয়েব সাইট/নোটিশ বোর্ড/অফিস কপি/ সংশ্লিষ্ট নথি।

১২/০২/২৪

(মো: আব্দুল্লাহ আল মাহমুদ ভূঁইয়া)
উপজেলা নির্বাহী অফিসার
ঝিনাইগাতী, শেরপুর
ফোন : ০২৯৯-৭৭৮৩৪০১
E-mail : unojhenaigati@mopa.gov.bd

CamScanner